# পাদুকা কারখানা মালিক সমবায় সমিতি লিঃ

মূল নিবন্ধন নং- ৫৪,তারিখঃ ২৯/০৩/২০০৪খ্রিঃ
সংশোধীত নিবন্ধন নং-০৫,তারিখঃ ২০/১০/২০১৬খ্রিঃ
গ্রামঃ-কমলপুর বাসস্ট্যান্ড,ডাকঘর- ভৈরব বাজার,উপজেলা:-ভৈরব,জেলাঃ- কিশোরগঞ্জ।

তারিখ ঃ ১৮/০১/২০২৪.খ্রি

পত্র নং-

এতদ্বারা পাদুকা কারখানা মালিক সমবায় সমিতি লি: এর সকল সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যবস্থাপনা কমিটির ১৮/১২/২০২৩খ্রিঃ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২০/০২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০-০০ ঘাটিকা হতে বিরতিহীন ভাবে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত সমিতির কার্যালয়ে সদস্যদের ভোটে ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি, ০১ (এক) জন সম্পাদক, ০১ (এক) জন যুগ্ম-সম্পাদক, ০১ (এক) জন কোষাধক্ষ্য ও ০৭ (জন) ব্যবস্থাপনা কমিটির সদস্য সহ মোট ১২(বার) জন সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনের অংশ গ্রহণ/ভোট প্রদানের জন্য সকলকে বিশেষ ভাবে অনুরোধ করা হল।

জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ মহোদয় এর স্মারক নং -৩৬, তারিখ-০৮/০১/২০২৪খ্রিঃ মূলে নিয়োগকৃত হয়ে নিবার্চন কমিটি কর্তৃক বর্নিত নির্বাচন অনুষ্ঠানের লক্ষে ১৮/০১/২০২৪খ্রিঃ তারিখে নির্বাচন কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা ,২০০৪ এর ২৭(১) বিধি মোতাবেক পাদুকা কারখানা মালিক সমবায় সমিতি লি: ভৈরব,কিশোরগঞ্জ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরুপ তফসিল ঘোষনা করা হলো। নির্বাচন সংক্রান্ত অন্যান্য তথ্য নির্বাচন কমিটির নিকট থেকে জানা যাবে।

## নির্বাচনী তফসিল/২০২৪খ্রিঃ

| ক্র: নং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১. | মনোনয়নপত্র বিতরণ | ২৭/০১/২০২৪ খ্রিঃ | বেলা ১২-০০ টা হতে বিকাল ০৪-০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ০২. | মনোনয়নপত্র জমা গ্রহণ | ২৯/০১/২০২৪ খ্রিঃ | বেলা ১২-০০ টা হতে বিকাল ০৪-০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয়ে |
| ০৩. | মনোনয়নপত্র বাছাই (প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ উপস্থিত থাকেন) | ৩০/০১/২০২৪ খ্রিঃ | বেলা ১২-০০ ঘটিকায়। | সমিতির কার্যালয়ে |
| ০৪. | বাছাইয়ান্তে প্রার্থীদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ৩০/০১/২০২৪ খ্রিঃ | বাছাইয়ের পর। | সমিতির নোটিশ বোর্ড |
| ০৫. | বৈধ ঘোষীত/বাতিল মনোনয়ন পত্রের বিরুদ্ধে আপীল গ্রহণ | ৩১/০১/২০২৪ খ্রিঃ<br>০১/০২/২০২৪ খ্রিঃ | সকাল ০৯-০০ টা হতে বিকাল ০৪-০০ টা পর্যন্ত | জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ। |
| ০৬. | আপীলের শুনানী গ্রহণ | ৪/০২/২০২৪ খ্রিঃ<br>৫/০২/২০২৪ খ্রিঃ<br>৬/০২/২০২৪ খ্রিঃ | আপীলাত কর্তৃপক্ষ কর্তৃক নির্দ্ধারিত সময়ে | ঐ |
| ০৭. | আপীলের রায় ঘোষনা | ০৬/০২/২০২৪ খ্রিঃ | ঐ | ঐ |
| ০৮. | বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ | ০৭/০২/২০২৪ খ্রিঃ | বেলা ১২-০০ টায় | সমিতির কার্যালয়ে |
| ০৯. | মনোনয়নপত্র প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ০৮/০২/২০২৪ খ্রিঃ | বেলা ১২-০০ টা হতে দুপুর ০২-০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয়ে |
| ১০. | প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ | ১১/০২/২০২৪ খ্রিঃ | বেলা ১২-০০ ঘটিকায়। | সমিতির কার্যালয়ে |
| ১১. | চূড়ান্ত তালিকা প্রকাশ ও বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ১২/০২/২০২৪ খ্রিঃ | বেলা ১২-০০ ঘটিকায়। | সমিতির নোটিশ বোর্ড |
| ১২. | ভোট গ্রহণ | ২০/০২/২০২৪ খ্রিঃ | সকাল ১০-০০ টা হতে বিকাল ০৩-০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয়ে |
| ১৩. | ভোট গননা | ২০/০২/২০২৪ খ্রিঃ | ভোট গ্রহনের পর | সমিতির কার্যালয়ে |
| ১৪. | ভোটের ফলাফল প্রকাশ | ২০/০২/২০২৪ খ্রিঃ | ভোট গননার পর। | সমিতির নোটিশ বোর্ড |

১৬. নির্ধারিত প্রতীক সমূহ :

| | |
|---|---|
| ক) সভাপতি পদের জন্য | চেয়ার, মাছ , ছাতা, |
| খ) সহ-সভাপতি পদের জন্য | টেবিল, দেয়াল ঘড়ি, মোটরসাইকেল |
| গ) সম্পাদক পদের জন্য | আনারস, ঘোড়া, হাতি |
| ঘ) যুগ্ম-সম্পাদক পদের জন্য | দোয়াত কলম, চাকা, তালা-চাবি, |
| ঙ) কোষাধক্ষ্য পদের জন্য | গোলাপ ফুল,কলস,মই, |
| চ) ব্যবস্থাপনা কমিটির সদস্য পদের জন্য | হাঁস,মোরগ,মাইক,বৈদ্যুতিক বাল্ব,মোমবাতি,লাটিম,তলোয়ার,বাস, বাঘ,মোবাইল,সিলিং ফ্যান,বটগাছ, টেবিল ফ্যান, হরিণ, আম । |

১৭.জ্ঞাতব্য বিষয় সমূহ :

ক) নির্বাচন কমিটি কর্তৃক নির্দ্ধারিত মনোনয়নপত্রের ফরম যথাযথভাবে পূরণ করত: সমিতির সভাপতি কর্তৃক সত্যায়িত ও উপজেলা সমবায় অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ / জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ মহোদয় কর্তৃক প্রতি স্বাক্ষর সহ দাখিল করতে হবে।

খ) মনোনয়নপত্রের সাথে প্রার্থীর এক কপি পাসপোর্ট সাইজ ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। ছবি ও জাতীয় পরিচয়পত্র সমিতির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় অফিসার,ভৈরব, কিশোরগঞ্জ / জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ মহোদয় কর্তৃক প্রতি স্বাক্ষর করত: দাখিল করতে হবে।

গ) ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন'২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা'২০০৪ এর ৮৮ বিধি অনুসরণ করতে হবে।

ঘ) নির্বাচনে প্রতিদ্বন্দি প্রার্থীগনকে সমবায় সমিতি আইন'২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ১৯ ও ১৮(৮) ধারা, এবং সমবায় সমিতি বিধিমালা'২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী প্রতিদ্বন্দিতা করার জন্য যোগ্য হতে হবে।

ঙ) অসম্পূর্ন ও ত্রুটিপূর্ন কিংবা ভুল তথ্য সম্বলিত মনোনয়নপত্র বাতিল বলে গন্য হবে।

চ) একই পদে একাধিক প্রার্থী না থাকলে সমবায় সমিতি বিধিমালা'২০০৪ এর ৩২(১) বিধি মতে তাকে বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত বলে ঘোষনা করা হবে।

ছ) প্রতিদ্বন্দি প্রার্থীর সংখ্যা অত্র তফসীলে বর্ণিত প্রতীক সংখ্যার অধিক হলে নির্বাচন কমিটি অতিরিক্ত প্রতীক বরাদ্দ করতে পারবে।

জ) প্রার্থীতা চূড়ান্ত হওয়ার পর প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীক একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবেন।

ঝ) মনোনয়ন পত্রের ফরম নির্বাচন কমিটির নিকট হতে গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

ঞ) ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়নপত্র ফি (অফেরতযোগ্য) সভাপতির পদের জন্য ১০,০০০/- টাকা, সহ-সভাপতি পদের জন্য ৭,০০০/- টাকা, সম্পাদক পদের জন্য ৭,০০০/- টাকা যুগ্ম-সম্পাদক পদের জন্য ৫,০০০/- টাকা কোষাধক্ষ পদের জন্য ৫,০০০/- টাকা ও সদস্য পদের জন্য ৩,০০০/- টাকা। সমিতি কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করে জমার রশিদ নির্বাচন কমিটির নিকট জমা প্রদান করে মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে।

ট) নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

| | | |
|---|---|---|
| (মোঃ নাছির উদ্দিন)<br>সদস্য<br>নির্বাচন কমিটি<br>পাদুকা কারখানা মালিক সমবায় সমিতি লি: | (মোঃ শফিকুল হক)<br>সদস্য<br>নির্বাচন কমিটি<br>পাদুকা কারখানা মালিক সমবায় সমিতি লি:<br>ও<br>পরিদর্শক,<br>জেলা সমবায় কার্যালয়, কিশোরগঞ্জ। | (মোহাম্মদ জহিরুল আলম ভূঞা)<br>সভাপতি<br>নির্বাচন কমিটি<br>পাদুকা কারখানা মালিক সমবায় সমিতি লি:<br>ও<br>উপজেলা সমবায় অফিসার<br>কিশোরগঞ্জ সদর। |

পত্র নং-

তারিখ : ১৮/০১/২০২৪.খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :-

০১. জনাব ................................................ সদস্য নং....... পাদুকা কারখানা মালিক সমবায় সমিতি লি:।
০২. সভাপতি/সম্পাদক, ব্যবস্থাপনা কমিটি, পাদুকা কারখানা মালিক সমবায় সমিতি লি:, উক্ত তফসিল খানা ব্যাপক প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হল।
০৩. উপজেলা সমবায় অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ
০৪. জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ।
০৫. সমিতির নোটিশ বোর্ড।

(মোহাম্মদ জহিরুল আলম ভূঞা)
সভাপতি
নির্বাচন কমিটি
পাদুকা কারখানা মালিক সমবায় সমিতি লি:
ও
উপজেলা সমবায় অফিসার
কিশোরগঞ্জ সদর।